# প্রদীপ্ত মহিলা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

**নিবন্ধন নং ১৩৯/কে, তারিখঃ ৩০/০৬/২০০৮ খ্রি.**

**গ্রামঃ ২নং নেভীগেট, খালিশপুর, ডাকঘরঃ জিপিও ৯০০০, উপজেলাঃ দিঘলিয়া, জেলাঃ খুলনা।**

পত্র নং- ০০১ তারিখ-১৯/০৫/২০২৬ ইং

এতদ্বারা প্রদীপ্ত মহিলা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর সকল সদস্য এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির গত ১৩/০৪/২০২৬ ইং তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২৬/০৬/২০২৬ ইং তারিখে বিশেষ সাধারণ সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২৬ উপলক্ষে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। সে মোতাবেক নির্বাচন কমিটির বিগত ১২/০৫/২০২৬ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক অদ্য ১৯/০৫/২০২৬ তারিখ সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে নিম্নরূপ ভাবে নির্বাচনী তফসিল ঘোষনা করা হলো।

## নির্বাচনী তফসিল/২০২৬

| ক্রঃ নং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | মনোনয়ন পত্র বিতরণ | সমিতির কার্যালয়। | ০১/০৬/২০২৬<br>০২/০৬/২০২৬ | সকাল ১১:০০ হতে দুপুর ০২:০০ পর্যন্ত | নির্বাচন কমিটি মনোনয়নপত্র বিতরণ করবেন। |
| ২. | মনোনয়ন পত্র জমা দানের তারিখ | সমিতির কার্যালয়। | ০৪/০৬/২০২৬ | সকাল ১১:০০ হতে দুপুর ০২:০০ পর্যন্ত পর্যন্ত | নির্বাচন কমিটি দাখিলকৃত মনোনয়ন পত্র জমা গ্রহণ করবেন। |
| ৩. | মনোনয়ন পত্র বাছাই ও বাছাইঅন্তে প্রার্থীর প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | সমিতির কার্যালয়। | ০৭/০৬/২০২৬ | সকাল ১১:০০ হতে শুরু | প্রার্থী অথবা তার প্রতিনিধির উপস্থিতিতে নির্বাচন কমিটি বাছাই করবেন। |
| ৪. | প্রাথমিক খসড়া তালিকায় অর্ন্তভুক্ত কোন প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিলকৃত প্রার্থীর আপিল আবেদন | জেলা সমবায় অফিসার, ৩, পি.সি. রায় রোড, খুলনা বরাবর। | ০৮/০৬/২০২৬<br>ও<br>০৯/০৬/২০২৬<br>(দুই কর্ম দিবস) | অফিস চলাকালীন সময়ে | জেলা সমবায় অফিসার, খুলনা। |
| ৫. | মনোনয়ন পত্রের বিষয়ে আপীলের শুনানী গ্রহণ ও নিষ্পত্তি। | জেলা সমবায় অফিসার, ৩, পি.সি. রায় রোড, খুলনা কর্তৃক। | ১০/০৬/২০২৬,<br>১১/০৬/২০২৬<br>ও<br>১৪/০৬/২০২৬<br>(তিন কর্ম দিবস) | অফিস চলাকালীন সময়ে | জেলা সমবায় অফিসার, খুলনা। |
| ৬. | চূড়ান্তভাবে বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ। | সমিতির নোটিশ বোর্ড | ১৫/০৬/২০২৬ | দুপুর ১২:০০ | নির্বাচন কমিটি |
| ৭. | প্রার্থীতা প্রত্যাহার | সমিতির কার্যালয়। | ১৭/০৬/২০২৬ | সকাল ১১:০০ হতে দুপুর ০২:০০ পর্যন্ত | নির্বাচন কমিটি আবেদন গ্রহণ করবেন |
| ৮. | প্রতীক বরাদ্ধ ও চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | সমিতির কার্যালয়। সমিতির নোটিশ বোর্ড | ১৮/০৬/২০২৬ | দুপুর ০৩:০০ | একাধিক প্রার্থী একই প্রতীক দাবী করলে লটারীর মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করা হবে |
| ৯. | ভোট গ্রহণ | সমিতির কার্যালয়। | ২৬/০৬/২০২৬ | সকাল ১০:০০ হতে বিকাল ০৪:০০ টা বিরতীহীনভাবে | নির্বাচন কমিটি |
| ১০. | ফলাফল প্রকাশ | সমিতির কার্যালয়। | ২৬/০৬/২০২৬ | ভোট গ্রহণ ও গণনা শেষে | নির্বাচন কমিটি |

**নির্বাচনের প্রতীক সমূহ ঃ**

| | |
|---|---|
| ক) সভানেত্রী পদের জন্য | ঃ চেয়ার, আনারস, ছাতা, হাতী । |
| খ) সহ- সভানেত্রী পদের জন্য | ঃ মই, মোরগ, কলম, চাকা। |
| গ) সাধারণ সম্পাদিকা | ঃ বই, মোমবাতি। |
| ঘ) যুগ্ম-সম্পাদিকা | ঃ গরুর গাড়ি, কলস। |
| ঙ) কোষাধ্যক্ষ | ঃ আম, কুড়াল, তলোয়ার, হরিণ। |
| চ) সদস্য পদের জন্য | ঃ মাছ, তালাচাবি, বাই-সাইকেল, মোটর-সাইকেল, বটগাছ, কাঁঠাল, টিয়াপাখি। |

**নির্বাচন সম্পর্কে জ্ঞাতব্য বিষয় ঃ**

১. নির্বাচন সমবায় সমিতি আইন/২০০১, (সংশোধন আইন/২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা/০৪ এবং সংশ্লিষ্ট সমিতির উপ-আইন মোতাবেক পরিচালিত হবে।

২. ব্যবস্থাপনা কমিটির সভানেত্রী-০১ জন, সহ- সভানেত্রী-০১, সাধারণ সম্পাদিকা-০১, যুগ্ম-সম্পাদিকা-০১, কোষাধ্যক্ষ -০১ জন ও সদস্য পদে-০৪ জন সহ মোট ০৯(নয়) টি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে।

৩. সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক নির্বাচনে আগ্রহী প্রত্যেক প্রার্থীকে মনোনয়ন ফরম এর মূল্য বাবদ সভানেত্রী পদের জন্য ১০০০/-টাকা, সহ- সভানেত্রী পদের জন্য ৮০০/-টাকা, সাধারণ সম্পাদিকা পদের জন্য ৮০০/-, যুগ্ম-সম্পাদিকা পদের জন্য ৮০০/-, কোষাধ্যক্ষ পদের জন্য ৮০০/- ও সদস্য পদের জন্য ৫০০/-টাকা সমিতির ব্যবস্থাপনা কমিটির নিকট টাকা জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে এবং রশিদ দেখিয়ে নির্বাচন কমিটির নিকট হতে মনোনয়ন ফরম গ্রহণ করতে হবে। মনোনয়ন পত্র দাখিলের সময় রশিদের মূলকপি সংযুক্ত করতে হবে। চুড়ান্ত ভোটার লিস্ট ব্যবস্থাপানা কমিটির নিকট হতে সংগ্রহ করা যাবে।

৪. মনোনয়নপত্রের সাথে প্রার্থীর ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি সমিতির সভাপতি কর্তৃক সত্যায়িত এবং জেলা সমবায় কর্মকর্তা, খুলনা অথবা উপজেলা সমবায় কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা কর্তৃক প্রতিস্বাক্ষর করিয়া জমা দিতে হইবে এবং বয়স প্রমাণের জন্য মনোনয়নপত্রের সাথে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে এবং ঋণ খেলাপী আছে কি না সমিতির সভাপতি কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন সংযুক্ত করতে হবে।

৫. নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়ন ফরম যথাযথভাবে পূরন করতঃ সমিতির সভাপতি কর্তৃক সত্যায়িত হতে হবে এবং জেলা সমবায় কর্মকর্তা, খুলনা অথবা উপজেলা সমবায় কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৬. মনোনয়ন পত্র সভ্য রেজিষ্টার অনুযায়ী যথাযথভাবে পূরণ করতে হবে। কোন অবস্থাতেই অস্পষ্ট, ঘষা মাজা, ফ্লুইড ব্যবহার কিংবা মিথ্যা তথ্য সম্বলিত হলে সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৮(১) বিধি অনুযায়ী মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

৭. নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক সকল প্রার্থীকে সমবায় সমিতির আইন/২০০১ (সংশোধিত আইন/২০০২ও ২০১৩) এর ১৮(৮) ও ১৯ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২২(৪), ২৪ ও ৮৮ বিধি ও উপ-আইন মোতাবেক যোগ্য হতে হবে।

৮.মনোনয়ন পত্র বাছাই, প্রতীক বরাদ্দ ও অন্যান্য কর্মকান্ড চলাকালীন সময়ে প্রার্থী অথবা তাহার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন। চুড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত সদস্য ব্যতীত কোন ব্যক্তি নির্বাচনে অংশগ্রহণ বা নির্বাচনে ভোট দিতে পারবেন না।

৯. কোন প্রার্থী একাধিক পদে প্রতিদ্বন্দ্বীতা বা মনোনয়ন পত্র দাখিল করতে পারবেন না। এক্ষেত্রে প্রার্থীর সকল মনোনয়ন পত্র বাতিল বলে গন্য হবে।

১০. ব্যালট পেপারে প্রার্থীগণের নামের আদ্যাক্ষর অনুসারে নাম সন্নিবেশিত হবে এক্ষেত্রে মূল নাম বিবেচ্য হবে।

১১. সদস্য ব্যতীত কেউ নির্বাচনী এজেন্ট হতে পারবে না।

১২. কোন ব্যক্তি ভূয়া ভোটার হিসাবে প্রমানিত হলে তার বিরুদ্ধে তাৎক্ষনিকভাবে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. সমিতিতে নিয়োজিত কোন কর্মচারী অত্র নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিতে পারবে না।

১৪. নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৫. নির্বাচন কমিটি কর্তৃক ইস্যুকৃত মনোনয়নপত্র ব্যতীত ফটোকপি বা অন্য কোন উপায়ে সৃষ্ট মনোনয়নপত্র গ্রহণ করা হবে না।

১৬. একাধিক প্রার্থী একই প্রতীক দাবীর ক্ষেত্রে লটারীর মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হবে এবং প্রয়োজনে নির্বাচন কমিটি অতিরিক্ত প্রতীক বরাদ্দ করতে পারবে।

১৭. নির্বাচন সংক্রান্ত বিষয়ে কাহারও কোন জিজ্ঞাসা থাকিলে বা জানার প্রয়োজন হলে নির্বাচন কমিটির সভাপতির নিকট হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

CamScanner

১৮. মনোনয়নপত্র ক্রয়, মনোনয়নপত্র জমাপ্রদান, মনোনয়নপত্র বাছাই এর সময় উপস্থিত ও ভোট প্রদান স্বাস্থ্য বিধি মেনে করিতে হবে।
১৯) যে কোন বিষয়ে সংশোধন, সংযোজন করার সিদ্ধান্ত নির্বাচন কমিটি গ্রহণ করতে পারবে।
২০) নির্বাচন কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত বলে বিবেচিত হবে।

(মিসেস ফেরদৌসী রহমান)
সদস্য
নির্বাচন কমিটি/২০২৬
প্রদীপ্ত মহিলা সঞ্চয় ও ঋণদান সমবায়
সমিতি লিঃ
মোবাইলঃ ০১৭২৪-৭০৬৪৬২

(পলাশ কুমার প্রামানিক)
সরেজমিনে তদন্তকারী
জেলা সমবায় কার্যালয়,খুলনা
ও
সদস্য
নির্বাচন কমিটি/২০২৬
প্রদীপ্ত মহিলা সঞ্চয় ও ঋণদান সমবায়
সমিতি লিঃ
মোবাইলঃ ০১৭১৪৬৩২৯৬৩

(খন্দকার জহিরুল ইসলাম)
উপজেলা সমবায় অফিসার
উপজেলা সমবায় কার্যালয়,দিঘলিয়া, খুলনা
ও
সভাপতি
নির্বাচন কমিটি/২০২৬
প্রদীপ্ত মহিলা সঞ্চয় ও ঋণদান সমবায়
সমিতি লিঃ
মোবাইলঃ ০১৭৭৪৩১৫৫৩৩

তারিখ-১৯/০৫/২০২৬খ্রিঃ।

পত্র নং- ..........................

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। জনাব পলাশ কুমার প্রামানিক / জনাব মিসেস ফেরদৌসী রহমান, সদস্য, নির্বাচন কমিটি, প্রদীপ্ত মহিলা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, গ্রামঃ ২ নং নেভীগেট, খালিশপুর, ডাকঘরঃ জিপিও ৯০০০, উপজেলাঃ দিঘলিয়া, জেলাঃ খুলনা। তাকে নির্বাচন তফসিলে বর্ণিত তারিখের প্রতি কর্মকান্ড ও সভায় উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। এ সম্পর্কে পৃথক কোন নোটিশ দেয়া সম্ভব হবে না।

২। সভাপতি/সদস্য, ব্যবস্থাপনা কমিটি, প্রদীপ্ত মহিলা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, গ্রামঃ ২ নং নেভীগেট, খালিশপুর, ডাকঘরঃ জিপিও ৯০০০, উপজেলাঃ দিঘলিয়া, জেলাঃ খুলনা। তাকে সমিতির সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলকে অত্র নির্বাচনী তফসিল অতীব জরুরী ভিত্তিতে জারী করা সহ সমিতির নোটিশ বোর্ড ও একটি স্থানীয় দৈনিক পত্রিকায় সকলের জ্ঞাতার্থে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

৩। উপজেলা সমবায় কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
৪। জেলা সমবায় কর্মকর্তা, খুলনা।
৫। সমিতির নোটিশ বোর্ড।

(খন্দকার জহিরুল ইসলাম)
উপজেলা সমবায় অফিসার
উপজেলা সমবায় কার্যালয়,দিঘলিয়া, খুলনা
ও
সভাপতি
নির্বাচন কমিটি/২০২৬
প্রদীপ্ত মহিলা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

CamScanner